# আল-হিজর | Al-Hijr | ٱلْحِجْر

আয়াতঃ ১৫ : ৮২

## আরবি মূল আয়াত:

وَ كَانُوا يَنحِتُونَ مِنَ الجِبَالِ بُيُوتًا اٰمِنِينَ ﴿٨٢﴾

## অনুবাদসমূহ:

আর তারা পাহাড় কেটে বাড়ি বানাত নিরাপদে। — আল-বায়ান

তারা পাহাড় খোদাই করতঃ ঘর তৈরি করে নিজেদেরকে নিরাপদ ভাবত। — তাইসিরুল

তারা পাহাড় কেটে গৃহ নির্মাণ করত নিরাপদ বসবাসের জন্য। — মুজিবুর রহমান

And they used to carve from the mountains, houses, feeling secure. — Sahih International

### ৮২. আর তারা পাহাড় কেটে ঘর নির্মাণ করত নিরাপদে।

-

তাফসীরে জাকারিয়া

### (৮২) তারা নিশ্চিন্তে পাহাড় কেটে গৃহ নির্মাণ করত। [1]

[1] অর্থাৎ, বিনা প্রয়োজনে ও নির্ভয়ে তারা পাহাড় কেটে ঘর নির্মাণ করত। নবম হিজরীতে তাবুক যাওয়ার পথে যখন নবী (সাঃ) তাদের সেই জনপদের উপর দিয়ে পার হলেন, তখন তিনি মাথায় কাপড় জড়িয়ে নিলেন, নিজের সওয়ারীর গতি বাড়িয়ে দিলেন এবং সাহাবাগণকে বললেন, তোমরা কান্নারত অবস্থায় ও আল্লাহর আযাবকে স্মরণ করে এই এলাকা অতিক্রম কর।

(ইবনে কাসীর, বুখারী ৪৩৩, মুসলিম ২২৮৫নং)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1884

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন